

ইংরেজি হতে অনুদিত

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার নং ১১

তারিখঃ জুলাই ১৪, ২০১১

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ও আন্তর্জাতিক কার্ড ইস্যুকারী
ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা।

প্রিয় মহোদয়গণ,

আন্তর্জাতিক ক্রেডিট কার্ড (আইসিসি) এর মাধ্যমে বিভিন্ন ফি পরিশোধ প্রসংগে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স (জিএফইটি)' ২০০৯ (ভলিউম-১) এর ১১ অধ্যায়ের ৯ অনুচ্ছেদে বিদেশী পেশাদার ও বৈজ্ঞানিক প্রতিষ্ঠানের অনুকূলে সদস্য ফি এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে আবেদন, নিবন্ধন, ভর্তি ও পরীক্ষা (TOEFL, SAT ইত্যাদি) সংক্রান্ত ফি প্রেরণের দিক নির্দেশনা দেয়া হয়েছে। পাশাপাশি ১৯ অধ্যায়ে আইসিসি এর মাধ্যমে ভ্রমণ ও অন্যান্য খরচ প্রেরণের নিয়মাবলী বর্ণনা করা হয়েছে।

০২. এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, জিএফইটি' ২০০৯ (ভলিউম-১) এর ১১ অধ্যায়ের ৯ অনুচ্ছেদে বর্ণিত ফি সমূহ আইসিসি এর মাধ্যমে প্রেরণ করা যাবে। যাদের আইসিসি নেই তারা তাদের মনোনীত ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ভার্সিয়াল কার্ডের মাধ্যমেও এ সকল ফি প্রেরণ করতে পারবেন।

০৩. জিএফইটি' ২০০৯ (ভলিউম-১) এর ১৯ অধ্যায়ে ১২ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক আইসিসি এবং ভার্সিয়াল কার্ডের মাধ্যমে সম্পাদিত সকল লেনদেন বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করতে হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন এবং অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
(স্বাক্ষরিত)
(মোঃ জহিরুল হক)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫